d. Member may send an e-mail request to evoting@kfintech.com. KFintech shall endeavour to send User ID and Password to those new Members whose mail ids are available.

However, if the Member is already registered with KFintech for e-voting then the existing User ID and password can be used for remote e-voting. Additionally, in terms of SEBI Circular no. SEBI/HO/CFD/ CMD/CIR/P/2020/242 dated 9th December, 2020, Individual shareholders holding shares in demat mode, can register directly with the Depository or through their demat account, to access e-voting page of KFintech, without having to register again with KFintech for participating in the e-voting process. The detailed procedure in this regard has been explained in the AGM Notice.

Members are provided with the facility to attend the AGM through video conferencing platform provided by KFintech. Members may access the same at https://emeetings.kfintech.com and login by using the remote e-voting credentials and click on "video conference". The link for AGM will be available in 'members' login where the EVENT and the Name of the Company can be selected.

Information and instructions including details of User ID and Password relating to e-voting have been sent to the members through e-mail. The same login credentials should be used for attending the AGM through VC / OAVM.

The Members, who will be attending the AGM through VC/OAVM and who have not cast their vote through remote e-voting can exercise their voting rights at the AGM. The facility for voting through electronic voting system ('Insta Poll') shall be made available during the Meeting through e-voting system provided by KFintech in the Video Conferencing Platform.

Members who have cast their vote by remote e-voting prior to the AGM may also attend the AGM, however, those Members shall not be entitled to cast their vote again at the AGM. If a Member casts votes by both modes then voting done through remote e-voting shall prevail and vote during the AGM shall be treated as invalid.

The procedure of e-voting (remote e-voting and voting during AGM) and attending the AGM through VC/OAVM is available in the Notice of the AGM. In case of any query in respect of e-voting, Members may refer to the Help & Frequently Asked Questions (FAQs) and e-voting user manual available at the download section of https://evoting.kfintech.com (KFintech Website).

Members are requested to note the following contact details for addressing queries/grievances, if any:

Mr. S. V. Raju, Deputy General Manager, KFin Technologies Private Limited
Selenium Building, Tower B, Plot No. 31 & 32, Financial District, Nanakramguda, Serilingampally Mandal, Hyderabad - 500032 , Email: einward.ris@kfintech.com, Toll free no.: 1800-309-4001

The result of voting shall be announced after the conclusion of AGM of the Company withing stipulated timelines. The results declared along with the Scrutinizer's Report shall be placed on the Company's website www.srei.com and on the website of KFintech https://evoting.kfintech.com for information of the Members, besides being communicated to the Stock Exchanges.

For **Srei Infrastructure Finance Limited**
sd/-
Manoj Kumar
Company Secretary
FCS No. 6698

Kolkata
September 02, 2021

আরও খবর

সিটের সাহায্যে ১০ আইপিএস

কলকাতা হাইকোর্টের নির্দেশে নির্বাচনোত্তর গোলমালের জন্য তদন্তে যে সিট গঠিত হয়েছিল, তদন্তে সিটকে সাহায্য করবেন ১০ জন আইপিএস। হেড কোয়ার্টার্সে থাকবেন সোমা দাস মিত্র (ডিআইজি রেলওয়ে), ডি সি (আরএস) শুভঙ্কর ভট্টাচার্য, নর্থ জোন দেবেন্দ্রপ্রসাদ সিং (আইজি উত্তরবঙ্গ), প্রবীণ কুমার ত্রিপাঠী (ডিআইজি মালদা রেঞ্জ), ওয়েস্টজোন সঞ্জয় সিং (এডিজি ওয়েস্টার্ন জোন), বি এল মিনা (আইজি বর্ধমান রেঞ্জ), সাউথ জোন সিদ্ধনাথ গুপ্তা (এডিজি সাউথ বেঙ্গল), প্রসূন বন্দ্যোপাধ্যায় (ডিআইজি বারাসত রেঞ্জ) এবং কলকাতা পুলিশের আয়ত্তাধীন এলাকায় তন্ময় রায়চৌধুরি (অ্যাডিশনাল সিপি–৩), নীলাঞ্জন বিশ্বাস (জয়েন্ট সিপি)।

ছিনতাই, ৭ মহিলা গ্রেপ্তার

এক যুবকের ৭২ হাজার টাকা ও মোবাইল ছিনতাই করে ধরা পড়ল ৭ মহিলা। বড়তলা থানা এলাকায় ওই ঘটনা ঘটেছে বুধবার দুপুরে। অভিযোগ, সেদিন এক যুবক বাইক দাঁড় করিয়ে মোবাইলে কথা বলছিলেন। এমন সময় কয়েকজন মহিলা তাঁকে ঘিরে ধরে ভয় দেখাতে শুরু করে। এরপর তার হাত থেকে মোবাইল ছিনিয়ে নেওয়া হয়। ব্যাগ থেকে তুলে নেওয়া হয় ৭২ হাজার টাকা। পুলিশে অভিযোগ জানানোর পরই ওই মহিলাদের গ্রেপ্তার করে পুলিশ। ৪ সেপ্টেম্বর পর্যন্ত ধৃতদের পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত। এদিকে, ৪৮০ গ্রাম সোনার গয়না নিয়ে চম্পট দিয়েছিল দিলীপ জানা। তদন্তে নেমে পুলিশ তাকে ধরে।

টেলিফোন ভবনের সামনে বিক্ষোভ

বকেয়া বেতন, এসএলএ প্রথা বাতিল–সহ একগুচ্ছ দাবি–দাওয়া নিয়ে কলকাতা টেলিফোন ভবনের সামনে বিক্ষোভ দেখাল বিএসএনএল বাঁচাও কমিটি। টানা দুদিন বিক্ষোভ চলে। এক বিবৃতিতে সংগঠনের পক্ষে জানানো হয়েছে, বৃহস্পতিবার সন্ধেয় মেধা পাটেকরের নেতৃত্বে এক প্রতিনিধি দল চিফ জেনারেল ম্যানেজারের সঙ্গে দেখা করে ৫ দফা দাবিপত্র পেশ করেন। বিএসএনএল কর্তৃপক্ষের আশ্বাসে বিক্ষোভ সাময়িক ভাবে স্থগিত করা হয়।

আর্থিক প্রতারণা, ধৃত

আর্থিক প্রতারণার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করল বিধাননগর কমিশনারেটের পুলিশ। ধৃত দীপ চক্রবর্তীর বাড়ি লেকটাউনে। টালিগঞ্জের রিজেন্ট পার্ক থানা এলাকার বাসিন্দা কর্নেল ডি এস ব্যানার্জি লেকটাউন থানায় তাঁর বিরুদ্ধে এ নিয়ে অভিযোগ দায়ের করেছিলেন। পুলিশ জানিয়েছে, কর্নেল ব্যানার্জি অভিযোগ করেছেন, দীপ চক্রবর্তী একটি মাসিক পত্রিকার সম্পাদক। সিভিল সার্ভিস পরীক্ষার কোচিং ক্লাসের ইনস্টিটিউটও আছে তাঁর। অভিযোগ, পত্রিকা এবং ইনস্টিটিউট আরও ভালভাবে চালানোর জন্য কর্নেলের কাছ থেকে ১৩ লক্ষ ২৫ হাজার টাকা ঋণ নিয়েছিলেন দীপ। কিন্তু বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও টাকা ফেরত দেননি। ২৩ আগস্ট লেকটাউন থানায় এ নিয়ে অভিযোগ দায়ের হয়। তদন্তে নেমে বুধবার অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে।

মলয় ঘটককে নোটিস

একটি মামলার বিষয়ে কথা বলার জন্য আইনমন্ত্রী মলয় ঘটককে নোটিস দিল ইডি। তাঁকে জানিয়ে দেওয়া হয়েছে, কবে কখন দেখা করতে হবে। ইডির নোটিস নিয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ। বলেছেন, ‘উনি আইনমন্ত্রী, আইনেই উত্তর দেবেন। এটা পরিষ্কার রাজনৈতিক চক্রান্ত। যাঁরা তৃণমূলের সঙ্গে রাজনীতিতে লড়ে উঠতে পারছে না, এজেন্সি দিয়ে ভয় দেখাচ্ছে, হেনস্থা করছে। ইডি বা সিবিআই অফিসারদের সম্পর্কে আমাদের কোনও বক্তব্য নেই। কিন্তু এটা পরিষ্কার, এজেন্সিকে ব্যবহার করা হচ্ছে।’

সাড়ে ৬ কোটি হাতিয়ে ধৃত ভুয়ো আইএএস

আজকালের প্রতিবেদন

সরকারি প্রকল্পের বরাত ও মেয়েকে নামী বেসরকারি স্কুলে ভর্তি করিয়ে দেওয়ার টোপ দিয়ে ব্যবসায়ীর কাছ থেকে সাড়ে ছ'কোটি টাকা হাতিয়ে নেওয়ার মামলায় আরও একজন ধরা পড়ল। অভিযোগ, ধৃত মহাশয় পান্ডে নিজেকে আইএএস অফিসার ও দিল্লি ডেভেলপমেন্ট অথরিটির আধিকারিক বলে পরিচয় দিয়েছিল। ঢাকুরিয়ার সেলিমপুর লেনের বাসিন্দা ভুয়ো এই আইএএস অফিসারকে বুধবার রাতে গ্রেপ্তার করেছে বিধাননগর কমিশনারেটের সাইবার ক্রাইম থানার পুলিশ। এই মামলায় মূল অভিযুক্ত ধ্রুব ব্যানার্জি প্রায় দেড় বছর ফেরার থাকার পর শনিবার ধরা পড়েছে। চক্রের অন্যদের খোঁজ চলছে। পুলিশ জানিয়েছে, ২০১৯ সালের ডিসেম্বরে এনিয়ে সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের করেন এক নার্সারি ব্যবসায়ী। ব্যবসায়ীর অভিযোগ, তাঁর মেয়েকে কলকাতার একটি নামী বেসরকারি স্কুলে ভর্তি করিয়ে দেবে বলে ২৫ লক্ষ টাকা নিয়েছিল নারায়ণপুরের বাসিন্দা ধ্রুব। মেয়ে ভর্তি হতে না পারায় তিনি টাকা ফেরত চাইলে সে এর বদলে ব্যবসায়ীকে দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিতে গাছ সরবরাহের বড় অঙ্কের টেন্ডার পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দেয়। এই টোপ দিয়ে ধ্রুব ব্যবসায়ীর থেকে নানা কায়দায় সবমিলিয়ে ৬ কোটি ৪৩ টাকা হাতিয়ে নেয় বলে অভিযোগ। টেন্ডারের জন্য ব্যবসায়ীকে দিল্লিতে নিয়ে গিয়ে ডিডিএ–র আধিকারিকদের সঙ্গে হোটেলে কথা বলিয়ে দিয়েছিল ধ্রুব। পরে জানা যায় সে সব সাজানো। বৈঠকে ডিডিএ সচিব সেজে ধৃত মহাশয় পান্ডে ব্যবসায়ীর সঙ্গে কথা বলেছিল বলে অভিযোগ। তাকে চিহ্নিত করতে টিআই প্যারেডের জন্য বৃহস্পতিবার বিধাননগর এসিজেএম আদালতে আবেদন জানিয়েছে পুলিশ।

গাঁজা উদ্ধার

হাওড়া স্টেশন থেকে ৪৩ কেজি গাঁজা উদ্ধার করল আরপিএফ। সেই সঙ্গে ২ ব্যক্তিকে আটক করেছে। ৯ নম্বর প্ল্যাটফর্মে দিল্লিগামী ট্রেনে তল্লাশি চালানোর সময় একটি ব্যাগ থেকে এই বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার হয়। স্টাফ স্পেশ্যালে করে হাওড়ায় আনা হয়েছিল এই গাঁজা। উদ্দেশ্য ছিল দিল্লি পাচারের।

গয়না উদ্ধার

দমদম মেট্রো স্টেশনে এক যাত্রীর কাছ থেকে উদ্ধার ৩৬২.১৯০ গ্রাম ওজনের সোনার গয়না। এক যুবকের ব্যাগ স্ক্যান করতেই ধরা পড়ে এই বিপুল পরিমাণ স্বর্ণালঙ্কার। মেট্রো কর্তৃপক্ষ তাকে গহনা-সহ সিঁথি থানার পুলিশের হাতে তুলে দেন।

জলে ডুবল চা–বাগান, বানভাসি জলপাইগুড়ি

আজকালের প্রতিবেদন

মাত্র ৪৮ ঘণ্টায় ২১ ইঞ্চি বৃষ্টিপাত। আর তাতেই ভরা চায়ের মরশুমে জল ঢুকে পড়ল আলিপুরদুয়ার জেলার মাদারিহাট বীরপাড়া ব্লকের আর্যমান চা–বাগানে। বাগানের প্রায় ৩০০ হেক্টর জমির চা–গাছের নীচে জল দাঁড়িয়ে গেছে। নষ্ট হয়েছে প্রচুর চা–গাছ। পাশাপাশি মাদারিহাট বীরপাড়া ব্লকের হান্টাপাড়া, তুলসীপাড়া কালচিনি ব্লকের সেন্ট্রাল ডুয়ার্স, মেচপাড়ার মতো বাগানগুলিতেও টানা বৃষ্টিতে ব্যাপক ক্ষতি হয়েছে। চা–মালিকদের সংগঠন ডিবিআইটিএ সচিব সঞ্জয় বাগচী বলেন, ‘ভুটান পাহাড়ে টানা বৃষ্টি চলছে। চলছে সমতলেও। ১৫ বছর ধরে একই সমস্যা। এতেই ঝঞ্ঝাট তৈরি হয়েছে।’ এদিকে, জলপাইগুড়ি শহরের মাঝখান দিয়ে বয়ে চলা করলা নদীর জল ঢুকে যাওয়ায় নদীর পার্শ্ববর্তী এলাকার অনেক মানুষ ঘরবাড়ি ছেড়ে রাস্তায় এসে আশ্রয় নিয়েছেন। শহরের পান্ডাপাড়া, মহামায়াপাড়া, অশোকনগর, চুনীলাল রোড, কংগ্রেসপাড়া, সার্ফ মোড়, নিউ টাউনপাড়া, সেনপাড়া, রবীন্দ্রনগর–সহ সর্বত্রই শুধু জল আর জল। বৃহস্পতিবার সকালে জলপাইগুড়ি শহরের পরেশ মিত্র কলোনি, নীচ মাঠ–সহ ২ ও ৩ নম্বর গুমটি এলাকার বেশ কিছু জায়গা জলমগ্ন হয়ে পড়ায় এইসব এলাকার বাসিন্দাদের চরম দুর্ভোগে পড়তে হয়। জানা গেছে, জলপাইগুড়িতে ২৪ ঘণ্টায় ১৮৩.৬০ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। অন্যদিকে, মালদা শহরের মহানন্দা তীরবর্তী এলাকায় নৌকোয় চেপে বন্যা পরিস্থিতি পরিদর্শন করলেন ইংরেজবাজার পুরসভার প্রশাসকমণ্ডলীর চেয়ারপার্সন সুমালা আগারওয়ালা, ভাইস চেয়ারপার্সন চৈতালি সরকার–সহ অন্যরা। মহানন্দা নদীর জলে প্লাবিত বাসিন্দাদের আশ্রয়ের ব্যবস্থা ও ত্রাণ দেওয়ার উদ্যোগও নেওয়া হয়েছে। প্রশাসক সুমালা আগরওয়ালা বলেছেন, ‘মহানন্দা নদীর অসংরক্ষিত এলাকায় বসবাসকারী প্রায় ১৫০টি বাড়ি জলমগ্ন। ইতিমধ্যে বাসিন্দাদের নিরাপদ জায়গায় নিয়ে যাওয়া হয়েছে।’

জোকা-বিবাদী বাগ মেট্রো নিয়ে মামলা

আজকালের প্রতিবেদন

জোকা–বিবাদীবাগ মেট্রো প্রকল্প থমকে যাওয়া নিয়ে এবার মামলা হল কলকাতা হাইকোর্টে। অভিযোগ, নিয়মের নিগড়ে বারবার থমকে যাচ্ছে এই প্রকল্পের কাজ। অভিযোগ তুলেছে আরভিএনএল। তাদের দাবি, মোমিমপুর থেকে ধর্মতলা ৩টি স্টেশন নির্মাণ থমকে রয়েছে। সেনা–অনুমতি না মেলায় কাজ করতে পারছে না টানেল বোরিং মেশিন। অভিযোগ, সেনা ও রেলওয়ে বিকাশ নিগম লিমিটেডের মধ্যে সমন্বয়ের অভাব রয়েছে। আইন অনুযায়ী, সেনা এলাকায় খনন করতে হলে প্রয়োজন সেনার অনুমতি। এ ব্যাপারে সেনা ৩ সপ্তাহ সময় চেয়েছে নিজেদের বক্তব্য হাইকোর্টের কাছে জানাতে। আগামী ২১ সেপ্টেম্বর মেট্রো খনন নিয়ে তাদের অবস্থান জানাবে সেনা। পরবর্তী শুনানি ২৯ সেপ্টেম্বর।

আইনি বিজ্ঞপ্তি

আমি শ্রী বিধান চাঁপাদার, পিতা-স্বর্গীয় কার্ত্তিক চাঁপাদার, সাকিন-গ্রামি-সংহলগঞ্জ, পোঃ-খোলাখালি, থানা-রামনগর, জেলা-দক্ষিণ ২৪ পরগণা, মৌজা-রায়চক, জে.এল. নং-৪৮, থানা-রামনগর, এর আধীন দাগ নং-৪৮৩, খতিয়ান নং-১৩০/১-এর আন্তর্গত ৫ শতক জমি ডায়মন্ড হারবার সাব রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত ১৯৭৮ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া সুখে ভোগদখলে কায়েম ও দখলীকার হইতেছি। গত ইয়াসের ঝড়ে বন্যার কারণবশতঃ আমার গৃহে নদীর জল প্রবেশ করিলে আমার গৃহের সমস্ত দরকারি কাগজপত্র নষ্ট হইয়া যায় এবং তাহার পর হইতে আমি আমার খরিদাকৃত উক্ত ১৯৭৮ নং সাফ বিক্রয় কোবালা দলিলটি আর খুঁজিয়া পাই নাই। ইহার কারণবশতঃ আমি রামনগর থানার আধীনে গত ২৮/৮/২০২১ তারিখে একখানি জি.ডি. দাখিল করি, যাহার নং ১২০৬ তারিখ ২৮/৮/২০২১। যদি আপনি বা আপনারা কেহ উক্ত ১৯৭৮ নং সাফ বিক্রয় কোবালা দলিলটি খুঁজিয়া পান, তাহা হইলে অদ্য হইতে আগামী ৭ দিনের অন্দরে আমার সহিত যোগাযোগ করিবেন, নচেৎ উক্ত ১৯৭৮ নং সাফ বিক্রয় কোবালা দলিলটি আইনত অচল বলিয়া গণ্য হইবে অথবা তাহার আইনত যোগ্যতা হারাইবে।

ইতি-
শ্রী বিধান চাঁপাদার
যোগাযোগ ৭৩৬৪৯৩৭৯৫৭

HIDCO
West Bengal Housing Infrastructure Development Corporation Limited

No. M-954/HIDCO/Admn-3639/2019 Dated 02/09/2021

NOTIFICATION

The result of lottery held on 02.09.2021 for allotment of 80 EWS Flats in New Town, has been published in the WBHIDCO Website **www.wbhidcoltd.com**.

General Manager (Mktg.)

জে এল মরিসন (ইন্ডিয়া) লিমিটেড

CIN: L51109WB1934PLC088167

রেজিস্টার্ড অফিস: ‘রসুই কোর্ট’, ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা–৭০০ ০০১
ফোন: (০৩৩) ২২৪৮ ০১১৪/৫, ই–মেল: investors@jlmorison.com
ওয়েবসাইট: www.jlmorison.com/corporate

কোম্পানির ৮৬ তম অ্যানুয়াল জেনারেল মিটিং, রিমোট ই–ভোটিং ও বই বন্ধের বিজ্ঞপ্তি

কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪ এর রুল ২০ র সঙ্গে পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১০৮ ধারায় এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে:

১. কোম্পানির ৮৬ তম অ্যানুয়াল জেনারেল মিটিং (এজিএম) সোমবার, ২৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখ বেলা ১১.৪৫ টার সময় আয়োজিত হবে ক্লাব ইকোভিস্টা,ইকোস্পেস বিজনেস পার্ক, প্লট নং আইআইএফ/১১, অ্যাকশন এরিয়া ২, রাজারহাট, নিউ টাউন, কলকাতা ৭০০১৬০–এ ৩০ আগস্ট, ২০২১–এ জারি এজিএম বিজ্ঞপ্তির বিষয়ে।

২. ৩১ মার্চ ২০২১ অবধি অর্থবর্ষে এই কোম্পানির বার্ষিক আর্থিক ফলাফলের খতিয়ান সমেত এজিএম–এর নোটিস পাঠানো হয়েছে সকল সদস্যকে কুরিয়ার/ডাকে ও ই–মেলের মাধ্যমে তাঁদের নথিভুক্ত ই–মেলে।

৩. কাট অফ তারিখ সোমবার, ২০ সেপ্টেম্বর, ২০২১ অনুযায়ী বাস্তবিক ও ডিম্যাট আকারে সদস্যগণ ৮৬ তম অ্যানুয়াল জেনারেল মিটিং নোটিসের সাধারণ ও বিশেষ বিষয়ে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এন এস ডি এল) প্রদত্ত এজিএম স্থলের বাইরে থেকে বৈদ্যুতিনভাবে ভোটিং–এর সুযোগ পাবেন।

৪. সকল সদস্যকে জানানো হচ্ছে যে:
   i) ৮৬ তম অ্যানুয়াল জেনারেল মিটিং নোটিসের সাধারণ ও বিশেষ বিষয়ে বৈদ্যুতিনভাবে ভোটিং (রিমোট ই–ভোটিং)–এর সুযোগ পাবেন সদস্য
   ii) রিমোট ই–ভোটিং শুরু শুক্রবার, ২৪ সেপ্টেম্বর, ২০২১ বেলা ৯.০০ টায়।
   iii) রিমোট ই–ভোটিং শেষ রবিবার, ২৬ সেপ্টেম্বর, ২০২১ বেলা ৫.০০ টায়।
   iv) কাট অফ তারিখ সোমবার, ২০ সেপ্টেম্বর, ২০২১ অনুযায়ী বৈদ্যুতিনভাবে ভোটিং বা এজিএমে ভোটিং–এর সুযোগ পাবেন।
   v) কোনও ব্যক্তি উক্ত কাট–অফ তারিখ সোমবার, ২০ সেপ্টেম্বর, ২০২১ অনুযায়ী এজিএমের নোটিস পাঠানোর পর কোম্পানির সদস্য হলে এবং শেয়ার ধরে রাখলে evoting@nsdl.co.in বা rta@cbmsl.com এ অনুরোধজ্ঞাপক ই–মেল পাঠিয়ে নিজের লগ ইন আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবেন। অবশ্য, কোনও ব্যক্তি রিমোট ই–ভোটিংয়ের জন্য ইতিমধ্যেই এন এস ডি এল–এর কাছে নিবন্ধীকৃত থাকলে নিজের ভোট দেওয়ার জন্য বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন।
   vi) সকল সদস্য খেয়াল করবেন
   ক) উক্ত তারিখ ও সময়ের পরে এন এস ডি এল দ্বারা রিমোট ই–ভোটিং যন্ত্র স্তব্ধ করা হবে। একবার কোনও সিদ্ধান্তের ওপর কোনও সদস্য ভোটাধিকার দিলে পরবর্তীতে তাঁকে তা বদলানোর সুযোগ আর দেওয়া হবে না।
   খ) ব্যালট পেপার মাধ্যমে ভোটের সুবিধা এজিএম–তে পাওয়া যাবে গ) সদস্যগণ রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করে থাকলে এজিএম–তে অংশগ্রহণ করতে পারবেন কিন্তু পুনরায় ভোট প্রদান করতে পারবেন না। এবং ঘ) যে সকল সদস্যের নাম নির্ণায়ক তারিখ সোমবার ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে সদস্যগণের খাতায় নথিভুক্ত রয়েছে, তারা রিমোট ই–ভোটিং এবং এজিএম–তে ব্যালট/পোলিং পেপার মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন।
   VII) আর্থিক বর্ষ ২০২০–২১ সময়ের বার্ষিক প্রতিবেদন–সহ ৮৬তম এজিএম বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.jlmorison.com এবং এনএসডিএল–এর ওয়েবসাইট www.evoting.nsdl.com এবং বিএসই লিমিটেডের ওয়েবসাইট www.bseindia.com–তে পাওয়া যাবে।
   VIII) কোনও প্রশ্নের জন্য সদস্যগণের ফ্রিকোয়েন্টলি আস্কড কোশ্চেনস (এফএ কিউস) এবং ই–ভোটিং ইউজার ম্যানুয়াল দেখুন www.evoting.nsdl.com–তে হেল্প সেকশনে বা যোগাযোগ শ্রীমতী সরিতা মোটে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ১৮০০১০২০৯৯০/১৮০০২২৪৩০ or evoting@nsdl.co.in বা এনএসডিএল–কে অনুরোধপত্র প্রেরণ করুন, ৫ম তল, ‘এ’ উইং, ট্রেড ওয়ার্ল্ড, কমলা মিলস কম্পাউন্ড, সেনাপতি বাপত মার্গ, লোয়ার প্যারেল, মুম্বই ৪০০ ০১৩ যারা বৈদ্যুতিন মাধ্যমে ভোটের অভিযোগের নিষ্পত্তি করবেন। কোম্পানিকে investors@jlmorison.com–তে বা উপরোক্ত রেজিস্টার্ড অফিসে লিখতে পারেন।

৫ দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ সেকশন ৯১ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫, রেগুলেশন ৪২ অনুযায়ী ৮৬তম এজিএম এবং আর্থিক বর্ষ সমাপ্ত ৩১শে মার্চ ২০২১ সময়ে শেয়ার হোল্ডারগণের ডিভিডেন্ট যোগ্যতা নির্ধারণের জন্য কোম্পানির সদস্যগণের খাতা ও শেয়ার হস্তান্তর খাতা মঙ্গলবার ২১ সেপ্টেম্বর ২০২১ থেকে সোমবার ২৭ সেপ্টেম্বর ২০২১ (উভয় দিন–সহ) বন্ধ থাকবে।

জে. এল. মরিসন (ইন্ডিয়া) লিমিটেডের পক্ষে
স্বাঃ/–
সোনাল নায়েক
কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার

স্থান: মুম্বই
তারিখ: ২ সেপ্টেম্বর ২০২১

যূকো বৈঁক UCO BANK

ইউকো ব্যাঙ্ক: ফিনান্সিং শাখা–নঙ্গি
পোঃ পারবাংলা, ভায়া বাটানগর
দক্ষিণ ২৪ পরগণা–৭৪৩৩১৩, ফোন: ০৩৩ ২৪৯০ ১৫৪৪

পরিশিষ্ট-IV [রুল-৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
ইউকো ব্যাঙ্ক–এর অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী **সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২–এর ৫৪)** মোতাবেক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৩–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(১২) ধারা অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে নীচে লেখা দেনদার **মেঃ সানি ট্রেডিং, স্বত্বা–মিসেস শ্রীময়ী মুখোপাধ্যায়, ঠি– ফ্ল্যাট নং বি ৪, দীপাঞ্জলি অ্যাপার্টমেন্ট, নিউ বজবজ ট্রাঙ্ক রোড, কলকাতা ৭০০১৪১, অ্যাক্সিস ব্যাঙ্ক মহেশতলা শাখার বিপরীতে, জামিনদার শ্রী অনুপ মুখোপাধ্যায়, ঠি– ফ্ল্যাট নং বি ৪, দীপাঞ্জলি অ্যাপার্টমেন্ট, নিউ বজবজ ট্রাঙ্ক রোড, অ্যাক্সিস ব্যাঙ্ক মহেশতলা শাখার বিপরীতে, কলকাতা ৭০০১৪১**–এর প্রতি **১৪.০৬.২০২১** তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তিসমূহ ইস্যু করেন, যাতে উক্ত বিজ্ঞপ্তিসমূহের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক **₹২৪,০১,২০২.৪০ (চব্বিশ লাখ এক হাজার দুইশো দুই টাকা চল্লিশ পয়সা) ৩১.০৩.২০২১** অনুযায়ী ও সুদ পরিশোধ করার জন্য তাঁদের আহ্বান জানানো হয়েছিল।
উক্ত দেনদার বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই দেনদারগণ/জামিনদারগণ এবং জনসাধারণের উদ্দেশে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–এর সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারা অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে **০১.০৯.২০২১** তে নীচে উল্লিখিত সম্পত্তিসমূহের **দখল** নিয়েছেন।
বিশেষত ওই দেনদার/জামিনদারগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তিগুলি নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন **₹২৪,০১,২০২.৪০ (চব্বিশ লাখ এক হাজার দুইশো দুই টাকা চল্লিশ পয়সা)** ও তার ওপর পরবর্তী সুদ, আনুষঙ্গিক খরচাপাতি, মাশুল ও চার্জ ইত্যাদি সমেত **ইউকো ব্যাঙ্ক, শাখা–নঙ্গি**–এর চার্জ সাপেক্ষ হবে।
অ্যাক্টের ১৩(৮) ধারা অনুযায়ী প্রাপ্ত সময়ে ঋণ শোধ করে সম্পত্তি খালাস করিয়ে নিতে দেনদারগণের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

দীপাঞ্জলি অ্যাপার্টমেন্টে ফ্ল্যাট নং বি ৪–এর সমগ্র অংশ পূর্বদিকে, মাপ সুপারবিল্ট ৭১৪ বর্গফুট কমবেশি, যাতে দুই বেডরুম, এক ডাইনিং রুম, এক কিচেন, এক ব্যালকনি, এক টয়লেট উক্ত জি+৪ তলা বিল্ডিংয়ে, হোল্ডিং নং বি১–৪, এল আর দাগ নং ৫২১, আর এস খতিয়ান নং–৩০৫, জে এল নং ১৭, মৌজা জাগতলা, থানা মহেশতলা, সাব রেজিস্ট্রি অফিস এডিএসআরও–বেহালা, কলকাতা ৭০০১৪১, দক্ষিণ ২৪ পরগণা–৭৪৩৩১৩, পশ্চিমবঙ্গতে শ্রীমতী শ্রীময়ী মুখোপাধ্যায় ও শ্রী অনুপ মুখোপাধ্যায়–এর নামে।
চৌহদ্দি: উত্তর– ফ্ল্যাট নং বি ৩; দক্ষিণ– অন্যের জমি ও সীমানা; পূর্ব– দৌলতপুর রোড; পশ্চিম–ফ্ল্যাট নং বি ১।

তারিখ: ০৩.০৯.২০২১ ; স্থান: নঙ্গি **স্বা/–অনুমোদিত অফিসার, ইউকো ব্যাঙ্ক, জোনাল অফিস, কলকাতা**

যূকো বৈঁক UCO BANK

ইউকো ব্যাঙ্ক
আর্থিক সহায়তাকারী শাখা
বালিগঞ্জ শাখা

পরিশিষ্ট–IV, [রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
ইউকো ব্যাঙ্কের অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী **সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (৫৪ অফ ২০০২)** মোতাবেক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–এর সঙ্গে পঠনীয় উক্ত ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে দেনদার **মেঃ রামকৃষ্ণ গারমেন্টস কোং (ইউনিট) স্বত্বা: কৌস্তভ দত্ত (ঋণগ্রহীতা),** ঠিকানা: ২৬ প্রসন্ন কুমার ঠাকুর স্ট্রিট, শোভাবাজার, কলকাতা–৭০০০০৬–এর প্রতি **৩০.০৬.২০২১** তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি ইস্যু করেছিলেন, যাতে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক টাঃ **ক্যাশ ক্রেডিট ₹ ৩৩,৭৯,৩৭৭.৫৮, জিইসিএল ₹ ৬,৮১,৭২৭.০০, এফআইটিএল ₹ ১,৭৫,৪১৫.০০ মোট: ₹ ৪২,৩৬,৫১৯.৫৮ (বিয়াল্লিশ লক্ষ ছত্রিশ হাজার পাঁচশো উনিশ টাকা ও আটান্ন পয়সা মাত্র)** ৩১.১২.২০২০ পর্যন্ত সুদ প্রযুক্ত সুদ সমেত আদায় দেওয়ার জন্য তাঁদের আহ্বান জানানো হয়েছিল।
উক্ত দেনদার ওই পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষ করে ওই দেনদার/জামিনদার এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল ৯–এর সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **৩১.০৮.২০২১** তারিখে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষ করে ওই দেনদার/জামিনদার এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এর পরেও এই সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন করা হলে তা উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত বকেয়া টাঃ **ক্যাশ ক্রেডিট ₹ ৩৩,৭৯,৩৭৭.৫৮, জিইসিএল ₹ ৬,৮১,৭২৭.০০, এফআইটিএল ₹ ১,৭৫,৪১৫.০০ মোট: ₹ ৪২,৩৬,৫১৯.৫৮ (বিয়াল্লিশ লক্ষ ছত্রিশ হাজার পাঁচশো উনিশ টাকা ও আটান্ন পয়সা মাত্র)** সুদ প্রযুক্ত ৩১.১২.২০২০ পর্যন্ত ও তার ওপর সুদ **ইউকো ব্যাঙ্ক বালিগঞ্জ শাখার** চার্জ সাপেক্ষ হবে।
এর পাশাপাশি উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) উপধারার সংস্থান মোতাবেক উপলব্ধ সময়ের মধ্যে ব্যাঙ্কের প্রাপ্য বকেয়া টাকাপয়সা আদায় দিয়ে নিম্নলিখিত জামিনযুক্ত সম্পত্তি ছাড়িয়ে নেওয়ার ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট দেনদারের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তির সমবন্ধক: জমির ধরন–বাস্তু, ডিড নং আই–৩৮৭৩, বুক নং ১, ভলিউম নং ৯০, পৃষ্ঠা ৯৭ থেকে ১০৬ সাল ১৯৯০ এডিএসআর অফিস–বেহালা, সিএস ও আরএস দাগ নং ২৩৫ এবং ২৩৪–এর অংশ, সিএস খতিয়ান নং ২৮৩ এবং ২২৪, আরএস খতিয়ান নং ৫০৯, ৫১০, ৫০৪ এবং ৫১৪, পরিমাপ কমবেশি ২ কাঠা ৪ ছটাক ৩৬ বর্গফুট, জেএল নং ১৩, আরএস নং ১৯২, তৌজি নং ৭৪–৭৭, ৮২, মৌজা–মুরাদপুর, থানা–ঠাকুরপুকুর, জেলা–২৪ পরগনা (দক্ষিণ), ওয়ার্ড নং ১২৩, একটি শোবার ঘর, একটি খাবার জায়গা, একটি রান্নাঘর, একটি বাথরুম, স্যানিটারি ট্যাঙ্ক, জলের লাইন, সাজানো বিদ্যুতের ওয়্যারিং, ৩৬৯১৯০ নং বিদ্যুতের মিটার
সম্পত্তি নামাঙ্কিত ৺স্বাতী দত্ত (উত্তরাধিকারী শ্রী কৌস্তভ দত্ত)
চৌহদ্দি– উত্তরে: শ্রী সমীর মজুমদারের জমি ও বাড়ি, **দক্ষিণে:** কালীপদ মুখার্জি রোড, **পূর্বে:** শ্রীমতী আভা দত্তের জমি ও বাড়ি, **পশ্চিমে:** শ্রী শান্তনু বিশ্বাসের জমি।

তারিখ: ০৩.০৯.২০২১,স্থান: কলকাতা **স্বাঃ অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক**

নং ১৮–০৮/২০২০–ডিডি–৩
ভারত সরকার
সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক
প্রতিবন্ধী ব্যক্তিগণের (দিব্যাঙ্গজন) ক্ষমতায়ন মন্ত্রক
৬ষ্ঠ তল, পণ্ডিত দীনদয়াল অন্ত্যোদয় ভবন, সিজিও কমপ্লেক্স, লোদি রোড, নয়াদিল্লি–১১০০০৩

প্রতিবন্ধী ব্যক্তিগণের জন্য জাতীয় ফান্ড অধীনে আর্থিক সহায়তার জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে

ভারত সরকারের প্রতিবন্ধী ব্যক্তিগণের (দিব্যাঙ্গজন) ক্ষমতায়ন বিভাগ ২৮ আগস্ট ২০১৮ থেকে দিব্যাঙ্গজন ব্যক্তিগণের ক্ষমতায়নের জন্য জাতীয় ফান্ড অধীনে স্কিম চালু করেছেন। দিব্যাঙ্গজন এবং দিব্যাঙ্গজনের জন্য কার্যরত সংস্থাসমূহকে আর্থিক সহায়তা প্রদানের জন্য বিভাগ আবেদনপত্র আহ্বান করছেন নিম্নবর্ণিত ক্ষেত্রে:
i) পিডব্লিউডি গণ দ্বারা প্রস্তুত দ্রব্যসামগ্রীসমূহ–সহ চিত্রকলা, হ্যান্ডিক্র্যাফট ইত্যাদির জন্য কর্মশালা/প্রদর্শনীর আয়োজনে সাহায্য
ii) সর্বনিম্ন প্রতিবন্ধী চিহ্নিত ব্যক্তিগণ যারা খেলাধুলোয় বা ফাইন আর্টস / গান / নাচ ইত্যাদিতে রাজ্য স্তরে সাফল্য অর্জন করে জাতীয়/আন্তর্জাতিক স্তরে সাফল্য অর্জন করেছেন— সাহায্যের জন্য
iii) ভিত্তিবিশেষে রাজ্যের নির্ধারিত বোর্ডের প্রস্তাব অনুযায়ী যাদের বেশি সাহায্যের প্রয়োজন তাদের সাহায্য করা
২. যোগ্যতামান, আবেদনের পদ্ধতি যা স্কিমে বর্ণিত–এর বিশদের জন্য বিভাগের ওয়েবসাইট http:// disabilityaffairs.gov.in/upload/uploadfiles/files/FinalGuidelinesSchemesNF.pdf দেখুন। নির্ধারিত আকারে আবেদনের হার্ডকপি প্রেরণ করবেন ডিরেক্টর, ডিইপিডব্লিউডি, অন্ত্যোদয় ভবন, সিজিও কমপ্লেক্স, লোধি রোড, নয়াদিল্লি–১১০০০৩। মেল করতে পারেন nfdepwd@gmail.com–এ। কোনও প্রশ্নের জন্য যোগাযোগ করুন: ০১১–২৪৩৬৯০৫৪

(ডিরেক্টর)

davp 38117/11/0020/2122

Aajkaal: 03.09.2021: Kolkata, Siliguri

SREI

শ্রেয়ী ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স লিমিটেড

CIN: L29219WB1985PLC055352
রেজিস্টার্ড অফিস: ‘বিশ্বকর্মা’, ৮৬সি, তোপসিয়া রোড (সাউথ), কলকাতা–৭০০০৪৬
টেলি নম্বর: ০৩৩–৬১৬০ ৭৭৩৪, ফ্যাক্স নম্বর: ০৩৩–২২৮৫ ৭৫৪২/৮৫০১
ওয়েবসাইট: www.srei.com ; ই–মেল: investor.relations@srei.com

৩৬তম অ্যানুয়াল জেনারেল মিটিং (এজিএম) এবং ই–ভোটদান সম্পর্কিত তথ্যের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা এই **বিজ্ঞপ্তি** জারি করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ [সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫] ও মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত প্রযোজ্য সার্কুলারসমূহ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (‘উক্ত অ্যাক্ট’) এবং এর অধীনে রচিত রুলসমূহের প্রযোজ্য সংস্থান অনুসারে এজিএম আমন্ত্রণী নোটিসে নির্ধারিত কারবারগুলি নির্বাহের জন্য কোম্পানির সদস্যদের ৩৬তম (ছত্রিশতম) অ্যানুয়াল জেনারেল মিটিং (এজিএম) শনিবার, ২৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে সকাল ১১.০০টায় (ভারতীয় প্রমাণ সময়) ভিডিও কনফারেন্সিং (‘ভিসি’) বা অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি (‘ওএভিএম’) এর মাধ্যমে আয়োজিত হবে।

প্রযোজ্য নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা অনুসারে যে সকল সদস্যের ই–মেল আইডি কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট/ডিপোজিটরি এর কাছে নিবন্ধীকৃত রয়েছে, তাঁদের প্রতি ৩১ মার্চ ২০২১ সমাপ্ত অর্থবর্ষে কোম্পানির নিরীক্ষিত আর্থিক ফলাফল (একক ও পুঞ্জীভূত উভয়ই) সংবলিত বার্ষিক প্রতিবেদন এবং ৩৬তম এজিএম বিজ্ঞপ্তির ইলেকট্রনিক প্রতিলিপি ২সেপ্টেম্বর ২০২১ তারিখে পাঠানো হয়েছে।

এজিএমের বিজ্ঞপ্তি সহ বার্ষিক প্রতিবেদন কোম্পানির www.srei.com ওয়েবসাইট, কেফিন টেকনোলজিস প্রাইভেট লিমিটেড (কেফিনটেক) এর ওয়েবসাইট https://evoting.kfintech.com এবং স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট অর্থাৎ, www.nseindia.com ও www.bseindia.com–তেও দেওয়া আছে।

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১০২ নং ধারাধীনে বিবৃতি সহ উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত যাবতীয় প্রয়োজনীয় নথিগুলি কোম্পানির সদস্যরা এই বিজ্ঞপ্তি প্রচারের তারিখ থেকে ৩৬তম এজিএমের তারিখ পর্যন্ত বিনামূল্যে ইলেকট্রনিক উপায়ে পরিদর্শন করতে পারবেন। এই নথিগুলি দেখতে আগ্রহী সদস্যরা investor.relations@srei.com আইডিতে ই–মেল পাঠাতে পারেন। পাশাপাশি, সদস্যদের জ্ঞাতার্থে আরও জানানো হচ্ছে যে, কোম্পানির সম্পূরক সংস্থাগুলির নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতিও কোম্পানির ওয়েবসাইটে দেওয়া আছে।

ফিজিক্যাল ফর্মে শেয়ার ধরে রাখা সদস্য এবং/বা যে সকল সদস্য নিজেদের ই–মেল আইডি রেজিস্টার/আপডেট করাননি, তাঁদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা নিজের প্যান কার্ডের স্ব–স্বাক্ষরিত প্রতিলিপি ও সদস্যের ঠিকানার প্রমাণ হিসেবে (ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, আধার কার্ড ইত্যাদি)–এর মধ্যে যে কোনও একটি নথির স্ব–স্বাক্ষরিত প্রতিলিপি সহ ফোলিও নম্বর, যে ই–মেল আইডি রেজিস্টার করাতে হবে তা উল্লেখ করা স্ব–স্বাক্ষরিত একটি অনুরোধজ্ঞাপক চিঠির স্ক্যান করানো প্রতিলিপি কোম্পানির investor.relations@srei.com ই–মেল আইডি এবং/বা কেফিনটেক–এর einward.ris@kfintech ই–মেল আইডি–তে পাঠিয়ে দেন। ডিমেটিরিয়ালাইড উপায়ে শেয়ার ধরে রাখা সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা নিজ নিজ ডিম্যাট অ্যাকাউন্ট যাঁদের কাছে রক্ষণাবেক্ষণ করা হয়, সেই ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(গণ) এর কাছে নিজের ই–মেল আইডি রেজিস্টার/ আপডেট করিয়ে নেন।

তৎসহ, ফিজিক্যাল ফর্মে শেয়ার ধরে রাখা সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা শেয়ার হস্তান্তর সম্পর্কিত সেবি নির্দেশিকার প্রেক্ষিতে যত শীঘ্র সম্ভব নিজেদের শেয়ারহোল্ডিং ডিমেটিরিয়ালাইজ করিয়ে নেন।

ই–ভোটদান সম্পর্কিত তথ্য:

কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ এর রুল ২০ এবং সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৪৪ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১০৮ নং ধারার সংস্থানাধীনে এজিএম আমন্ত্রণী বিজ্ঞপ্তিতে নির্ধারিত সকল আলোচ্য বিষয়ের ওপর কোম্পানি তার সদস্যদের ইলেকট্রনিক উপায়ে ভোটদানের সুবিধা দেবে যার জন্য ই–ভোটিং এজেন্সি হিসেবে এই কোম্পানি কেফিনটেক–এর পরিষেবা কাজে লাগাবে। সদস্যরা রিমোট ই–ভোটিং মেয়াদে ইলেকট্রনিক ভোটিং সিস্টেম অথবা এজিএম চলাকালীন ইনস্টা পোলের মাধ্যমে ভোট দিতে পারবেন।

তৎসহ, ‘তালিকাভুক্ত কোম্পানিগুলি দ্বারা প্রদত্ত ই–ভোটদানের সুবিধা’ সম্পর্কিত এবং ৯ ডিসেম্বর ২০২০ তারিখ সংবলিত সেবি সার্কুলার নং সেবি/ এইচও/ সিএফডি/ সিএমডি/ সিআইআর/ পি/২০২০/২৪২ অনুযায়ী ভোটদানের প্রক্রিয়ার কার্যকারিতা বাড়ানোর উদ্দেশ্যে নিজ নিজ ডিম্যাট অ্যাকাউন্ট/ ডিপোজিটরি বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের ওয়েবসাইটের মাধ্যমে একক লগ–ইন তথ্যাবলি ব্যবহারের মাধ্যমে সকল একক ডিম্যাট অ্যাকাউন্ট ধারকগণের ভোটদানের উপযোগী ই–ভোটিং প্রক্রিয়া চালু করা হয়েছে। ই–ভোটিংয়ের সুবিধা পেতে সদস্যদের নিজ নিজ ডিপোজিটরির কাছে নিজের মোবাইল নম্বর ও ই–মেল আইডি আপডেট করিয়ে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। ডিপোজিটরিদের পদ্ধতি মেনে লগ–ইন এবং রিমোট ই–ভোটিংয়ে অংশ নেওয়ার পদক্ষেপগুলি এজিএম বিজ্ঞপ্তিতে দেওয়া আছে।

ব্যবহারিক উপায়ে শেয়ার ধরে রাখা একক শেয়ারধারকগণ এবং ব্যক্তি নন এমন সত্তার শেয়ারধারকগণও www.evoting.kfintech.com ওয়েবসাইটে গিয়ে রিমোট ই–ভোটিংয়ে অংশ নিতে পারবেন।

রিমোট ই–ভোটদানের মেয়াদ শুরু হবে মঙ্গলবার, ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখ (ভারতীয় প্রমাণ সময় সকাল ৯.০০টা) এবং শেষ হবে শুক্রবার, ২৪ সেপ্টেম্বর ২০২১ (ভারতীয় প্রমাণ সময় বিকেল ৫.০০টা)। এই মেয়াদের পরে রিমোট ই–ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে এবং এই সময়সীমার বাইরে ভোটদানের অনুমতি দেওয়া হবে না। একজন সদস্য কোনও আলোচ্য বিষয়ের ওপর একবার নিজের ভোট দিয়ে ফেললে সেই সদস্যকে পরে তা বদলানোর অনুমতি দেওয়া হবে না।

কেবলমাত্র নির্ধারিত কাট–অফ তারিখ অর্থাৎ, শনিবার, ১৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের নিরিখে ব্যবহারিক বা ডেমেটিরিয়ালাইজড, যে কোনওরূপে কোম্পানির শেয়ার ধারক সদস্যরাই রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে কিংবা এজিএম চলাকালীন ই–ভোটিংয়ের মাধ্যমে ইলেকট্রনিক উপায়ে ভোট দিতে পারবেন।

ফিজিক্যাল উপায়ে শেয়ার ধরে রাখা সদস্য এবং/বা যে সকল সদস্য নিজেদের ই–মেল আইডি কোম্পানিতে রেজিস্টার করাননি, তাঁরাও এজিএমের বিজ্ঞপ্তিতে দেওয়া নির্দেশিকা অনুসরণে প্রয়োজনীয় লগ–ইন ক্রেডেনশিয়ালস তৈরি করে নিয়ে রিমোট ই–ভোটিং বা এজিএম চলাকালীন ই–ভোটিং সিস্টেমের মাধ্যমে নিজেদের ভোট দিতে পারবেন।

এজিএমের বিজ্ঞপ্তি প্রেরণের পরে, তবে ই–ভোটিংয়ের ক্ষেত্রে বিচার্য নির্ধারিত কাট–অফ তারিখ অর্থাৎ, শনিবার, ১৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের আগে কোনও ব্যক্তি কোম্পানির সদস্য হয়ে থাকলে তিনি নীচে উল্লিখিত পদক্ষেপগুলি অনুসরণে নিজের ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবেন:

ক. নির্দিষ্ট ফোলিও নম্বর/ ডিপি আইডি ও ক্লায়েন্ট আইডির প্রেক্ষিতে সদস্যের মোবাইল নম্বর রেজিস্টার্ড থাকলে, ওই সদস্য এভাবে এসএমএস পাঠাবেন: MYEPWD < space > E-Voting Event Number + Folio No. বা DP ID ও Client ID উল্লেখ করে পাঠিয়ে দেবেন ৯২১২৯৯৩৩৯৯ নম্বরে।
খ. নির্দিষ্ট ফোলিও নম্বর/ ডিপি আইডি ও ক্লায়েন্ট আইডির প্রেক্ষিতে সদস্যের ই–মেল আইডি বা মোবাইল নম্বর রেজিস্টার্ড না থাকলে, https://evoting.kfintech.com ওয়েবসাইটের হোম পেজে গিয়ে সদস্যকে ‘Forgot Password’ লিঙ্কে ক্লিক করে নিজের ফোলিও নম্বর বা ডিপি আইডি ও ক্লায়েন্ট আইডি এবং প্যান উল্লেখের মাধ্যমে পাসওয়ার্ড তৈরি করে নিতে হবে।
গ. দরকারে সদস্যরা কেফিনটেক–এর ১–৮০০–৩০৯–৪০০১ টোল ফ্রি নম্বরেও কথা বলতে পারেন।
ঘ. সদস্যরা evoting@kfintech.com আইডি–তে ই–মেলের মাধ্যমে অনুরোধ জানাতে পারেন। নতুন যে সকল সদস্যের ই–মেল আইডি উপলব্ধ থাকবে, কেফিনটেকের তরফে তাঁদের ইউজার আইডি ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে।

অবশ্য, কোনও সদস্য যদি ইতিমধ্যেই ই–ভোটিংয়ের জন্য কেফিনটেক এর কাছে রেজিস্টার্ড হয়ে থাকেন, সেক্ষেত্রে তিনি রিমোট ই–ভোটিংয়ে নিজের বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন। অতিরিক্তরূপে, ৯ ডিসেম্বর ২০২০ তারিখ সংবলিত সেবি সার্কুলার নং সেবি/ এইচও/ সিএফডি/ সিএমডি/ সিআইআর/ পি/২০২০/২৪২ অনুযায়ী ডিম্যাট উপায়ে শেয়ার ধরে রাখা একক শেয়ারধারকগণ কেফিনটেক–এর ই–ভোটিং পেজে অভিগমনের জন্য নিজ নিজ ডিপোজিটরি বা নিজেদের ডিম্যাট অ্যাকাউন্টের মাধ্যমে সরাসরি রেজিস্টার করতে পারবেন এবং ই–ভোটিংয়ে অংশ নেওয়ার জন্য কেফিনটেক–এর কাছে তাঁদের পুনরায় রেজিস্টার করানোর দরকার হবে না। এব্যাপারে যাবতীয় দরকারি তথ্যাবলি এজিএমের বিজ্ঞপ্তিতে বিশদে উল্লেখ করা আছে।

সদস্যদের এজিএমে অংশ নেওয়ার সুবিধা দেওয়া হবে কেফিনটেক এর দেওয়া ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্মের মাধ্যমে। সদস্যরা https://emeetings.kfintech.com ওয়েবসাইটে নিজেদের রিমোট ই–ভোটিং ক্রেডেনশিয়ালস ব্যবহারের মাধ্যমে লগ–ইনের পর ‘video conference’ লিঙ্কে ক্লিক করবেন। ‘members’ লগ–ইনে এজিএমের লিঙ্ক দেওয়া থাকবে যেখানে গিয়ে EVENT এবং কোম্পানির নাম বেছে নিতে হবে।

ই–ভোটিং সম্পর্কিত ইউজার আইডি ও পাসওয়ার্ডের বিশদ তথ্য সহ যাবতীয় তথ্যাবলি ও নির্দেশিকা ই–মেলের মাধ্যমে সদস্যদের প্রতি পাঠানো হয়েছে। ভিসি/ওএভিএম এর মাধ্যমে এজিএমে অংশ নেওয়ার সময়ও একই লগ–ইন ক্রেডেনশিয়ালস ব্যবহার করতে হবে।

ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএমে অংশ নেওয়া যে সকল সদস্য রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে ভোট দেননি, কেবলমাত্র তাঁরাই এজিএম চলাকালীন নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্মের মাধ্যমে কেফিনটেক সভা চলাকালীন ইলেকট্রনিক ভোটিং সিস্টেমে (‘ইনস্টা পোল’) ভোটদানের সুবিধা দেবে।

এজিএমের আগে যে সকল সদস্য রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে নিজের ভোট দিয়ে ফেলবেন, তাঁরা এই এজিএমে অংশ নিতে পারলেও এজিএম চলাকালীন পুনরায় নিজের ভোট দিতে পারবেন না। কোনও সদস্য উভয় পদ্ধতিতেই ভোট দিলে রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে দেওয়া তাঁর ভোটটিই বৈধ হিসেবে বিবেচিত হবে এবং এজিএম চলাকালীন প্রদত্ত ভোটটি বাতিল হিসেবে গণ্য হবে।

ই–ভোটিং (রিমোট ই–ভোটিং এবং এজিএম চলাকালীন ভোটদান) এবং ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএমে অংশগ্রহণের পদ্ধতি এজিএমের বিজ্ঞপ্তিতে দেওয়া আছে। ই–ভোটিং সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে সদস্যরা https://evoting.kfintech.com (কেফিনটেক এর ওয়েবসাইট) এর ডাউনলোড সেকশনে দেওয়া ‘Help & Frequently Asked Questions (FAQ’s)’ এবং ‘e-voting user manual’ অংশগুলি ভালভাবে দেখে নিতে পারেন।

কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে/ অভিযোগ জানাতে (যদি থাকে) নিম্নোক্ত যোগাযোগ সম্পর্কিত তথ্যগুলি খেয়াল রাখার জন্য সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে: মিঃ এস ভি রাজু, ডেপুটি জেনারেল ম্যানেজার, কেফিন টেকনোলজিস প্রাইভেট লিমিটেড, সেলেনিয়াম বিল্ডিং, টাওয়ার ‘বি’, প্লট নং ৩১ ও ৩২, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, নানাক্রমগুড়া, সেরিলিঙ্গমপল্লী মণ্ডল, হায়দরাবাদ–৫০০০৩২, ই–মেল: einward.ris@kfintech.com, টোল ফ্রি নম্বর: ১৮০০–৩০৯–৪০০১।

কোম্পানির এজিএম সম্পন্ন হওয়ার পর নির্ধারিত সময়সীমার মধ্যে ভোটাভুটির ফলাফল ঘোষণা করা হবে। স্ক্রুটিনাইজারের প্রতিবেদন সমেত ঘোষিত ফলাফল সদস্যদের অবগতির জন্য কোম্পানির ওয়েবসাইট www.srei.com এবং কেফিনটেক–এর https://evoting.kfintech.com ওয়েবসাইটে দেওয়া হবে এবং পাশাপাশি এগুলি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জগুলিকেও জানিয়ে দেওয়া হবে।

শ্রেয়ী ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স লিমিটেড–এর পক্ষে
স্বাঃ–
মনোজ কুমার
কোম্পানি সেক্রেটারি
FCS No. 6698

কলকাতা
২ সেপ্টেম্বর, ২০২১